

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫৭৬  
সাব্বু, ৭ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০  
সাতচাঁদ ব্লকে সভা

সাতচাঁদ ব্লকের কনফারেন্স হলে গতকাল দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি বিভীষণ চন্দ্র দাস, সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অনীল মজুমদার, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ, সাতচাঁদ ব্লকের বিডিও অনুপম দাস ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ১০ থেকে ১৪ নভেম্বর ব্লকের বিভিন্ন গ্রামপঞ্চায়েত ও এডিসি ভিলেজগুলিতে বিকাশ সভা অনুষ্ঠিত হবে। ১৫ নভেম্বর থেকে ৩০ নভেম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে বিকাশ মেলা।

\*\*\*\*\*